


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৭৪৪

তারিখঃ ২৭/০৩/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৭৩ তম কমিশন সভা অদ্য ২৭/০৩/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় ন্যাশনাল হাউজিং ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এর রাইট শেয়ার (১ঃ২ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ২টি শেয়ার এর বিপরিতে ১টি শেয়ার) অনুমোদন করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে ন্যাশনাল হাউজিং ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড কে কমিশন ৩,৪৩,২০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি টাঃ ১০ মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ৩৪.৩২ কোটি টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে তা মূলধন ভিত্তি শক্তিশালীকরণের লক্ষ্যে lending portfolio বৃদ্ধি তথা high cost borrowings পরিশোধের ক্ষেত্রে ব্যবহার করবে। এই রাইট শেয়ার ইস্যুর ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে AAA Consultants & Financial Advisers Ltd.।
২. কমিশন সভায়, সেন্ট্রাল ফার্মাসিটিউক্যালস লিমিটেড লিঃ এর ১০ টাকা মূল্যমানের ১.৪০ কোটি সাধারণ শেয়ার ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানিটি ১৪ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ব্যাংক থেকে গৃহীত ঋন এবং প্রাথমিক গণ প্রস্তাব এর খরচ খাতে ব্যয় করবে। সেন্ট্রাল ফার্মাসিটিউক্যালস লিমিটেড লিঃ এর ৩০শে জুন ২০১২ সালের আর্থিক বিবরণী অনুযায়ী নেট এ্যাসেট ভ্যালু হচ্ছে ১১.২৮ টাকা, শেয়ার প্রতি আয় ১.২১ টাকা। উল্লেখ্য, জনতা ক্যাপিটাল অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, সেন্ট্রাল ফার্মাসিটিউক্যালস লিমিটেড লিঃ এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।
৩. এছাড়াও আজকের সভায় কমিশন Vanguard Asset Management Limited -কে তাদের আবেদনের প্রেক্ষিতে এসেট ম্যানেজমেন্ট কোম্পানী হিসাবে নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই বিষয়ে প্রাথমিকভাবে Letter of Intent প্রদানের সিদ্ধান্তও আজকের সভায় অনুমোদিত হয়।


২৭/০৩/২০১৩

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র